# প্রজেক্ট ম্যানেজমেন্ট

পর্ব ০৩

**মোহাম্মদ মিজানুর রহমান নয়ন**
অ্যানালিস্ট প্রোগ্রামার ও ডাটাবেজ অ্যাডমিনিস্ট্রেটর (মেডিক্যাল সিস্টেম লিমিটেড, রিয়াদ, সৌদি আরব),
ওরাকল সার্টিফাইড প্রফেশনাল
সাবেক বিভাগীয় প্রধান, বিসিআই ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট; সাবেক লেকচারার,
ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশ ও পিপলস ইউনিভার্সিটি অব বাংলাদেশ

## প্রজেক্ট ম্যানেজমেন্ট

প্রজেক্ট ম্যানেজমেন্ট হচ্ছে প্রজেক্ট ব্যবস্থাপনা সংক্রান্ত এমন কিছু কার্যাবলী, যার মাধ্যমে বিভিন্ন প্রসেস, নলেজ, অভিজ্ঞতা এবং দক্ষতার ব্যবহার করে একটি প্রজেক্টের উদ্দেশ্য এবং সফলতা অর্জন করা হয়। প্রজেক্ট ম্যানেজমেন্টের বিভিন্ন টুল, টেকনিক এবং মেথডসমূহ একজন প্রজেক্ট ম্যানেজার সফলতার সাথে ব্যবহার করে থাকেন এবং প্রজেক্টের সফলতা এসব বিষয়ের দক্ষতার সাথে ব্যবহার করার ওপর নির্ভরশীল। একজন প্রজেক্ট ম্যানেজার একটি প্রতিষ্ঠানে বিভিন্ন ধরনের প্রজেক্ট সম্পন্ন করার মাধ্যমে প্রতিষ্ঠানের বর্তমান অবস্থা পরিবর্তন করতে পারেন এবং প্রতিষ্ঠানের উন্নতি সাধন করতে পারের। যেমন– প্রতিষ্ঠানে নতুন কোনো ডিপার্টমেন্ট চালু করা, কোনো নতুন পণ্য উৎপাদনের ব্যবস্থা করা, নতুন কোনো সেবাদানের ব্যবস্থা করা প্রভৃতি।

## প্রজেক্ট ম্যানেজমেন্টের গুরুত্ব

কার্যকরী প্রজেক্ট ম্যানেজমেন্ট ব্যবস্থার কারণে ব্যবসায়িক প্রতিষ্ঠান বিভিন্ন ধরনের সুবিধা লাভ করে থাকে। যেমন–

০১. কাজে সফলতার হার বাড়ে।
০২. ব্যবসয়িক উদ্দেশ্য অর্জন করা যায়।
০৩. যেকোনো ধরনের সমস্যা সমাধানে যথাযথ ব্যবস্থা নেয়া যায়।
০৪. ব্যবসায়ের ঝুঁকি অনেকাংশে কমানো যায়।
০৫. ঝুঁকি সম্পর্কে পূর্বানুমান করা এবং ঝুঁকি স্থানান্তর অথবা কমানোর ব্যবস্থা নেয়া যায়।
০৬. সঠিক সময়ে সঠিক মানসম্পন্ন পণ্য উৎপাদন করা যায়।
০৭. যেকোনো সমস্যা সমাধানের জন্য দ্রুত ব্যবস্থা নেয়া যায়।
০৮. প্রজেক্টের সফলতা ও ব্যর্থতা পূর্বানুমান করা যায়।
০৯. প্রজেক্টের ব্যর্থতা রোধে ব্যবস্থা নেয়া যায় অথবা প্রজেক্ট বন্ধ করা যায়।
১০. স্ট্যাকহোল্ডারদের (প্রজেক্টের মাধ্যমে প্রভাবিত ব্যক্তিবর্গ) সন্তুষ্টি অর্জন করা যায়।

কোনো প্রতিষ্ঠান যথাযথভাবে প্রজেক্ট ম্যানেজমেন্ট ব্যবস্থা না নিলে বিভিন্ন ধরনের সমস্যার মুখোমুখি হতে পারে। যেমন–

০১. সঠিক সময়ে প্রজেক্ট সম্পন্ন করতে না পারা।
০২. বাজেটের অধিক খরচ হওয়া।
০৩. ফলাফল মানসম্পন্ন না হওয়া।
০৪. ঝুঁকির সঠিক মোকাবেলা করার অক্ষমতা।
০৫. আবার কাজ করা।
০৬. প্রজেক্ট স্কোপের বাইরে কাজ করা।
০৭. প্রতিষ্ঠানের সুনাম ক্ষতিগ্রস্ত হওয়া।
০৮. প্রজেক্টের উদ্দেশ্য অর্জন না হওয়া।
০৯. স্ট্যাকহোল্ডারদের সন্তুষ্টি অর্জনে ব্যর্থ হওয়া প্রভৃতি।




পিএমআই ট্যালেন্ট ট্রায়াঙ্গল

## প্রজেক্ট ম্যানেজারের ভূমিকা

একটি প্রজেক্টের প্রধান কর্তাব্যক্তি হচ্ছেন প্রজেক্ট ম্যানেজার। প্রজেক্ট ম্যানেজারের অধীনে সাধারণত প্রজেক্টের সব কর্মকাণ্ড পরিচালিত হয়। তবে অর্গানাইজেশনের ওপর ভিত্তি করে প্রজেক্ট ম্যানেজারের ভূমিকা ভিন্ন হতে পারে। প্রতিষ্ঠানের পক্ষ থেকে একজন প্রজেক্ট ম্যানেজারের কাছে যথাযথভাবে সম্পন্ন করার জন্য একটি প্রজেক্টকে হস্তান্তর করা হয় এবং উক্ত প্রজেক্ট সম্পন্ন করার সব দায়িত্ব দেয়া হয়। প্রজেক্ট ম্যানেজার প্রতিষ্ঠানের বিভিন্ন রিসোর্স (হিউম্যান, ইনস্ট্রুমেন্ট, ম্যাটেরিয়াল প্রভৃতি) ব্যবহার করেন এবং নিজস্ব বুদ্ধিমত্তা ও দক্ষতা ব্যবহার করে প্রজেক্টকে সফলভাবে সম্পন্ন করার চেষ্টা করেন। প্রজেক্ট ম্যানেজার প্রজেক্ট শুরু করার আগেই প্রজেক্টের উদ্দেশ্য, প্রজেক্টটি সম্পন্ন করার প্রয়োজনীয় সময়, প্রজেক্ট থেকে পাওয়া ফলাফল এবং প্রজেক্টটি সম্পন্ন করার জন্য যেসব প্রাতিষ্ঠানিক সহায়তা প্রয়োজন হবে, তা নির্ধারণ করে নেন। প্রজেক্ট ম্যানেজমেন্ট ইনস্টিটিউট প্রজেক্টকে দক্ষতা এবং সফলতার সাথে সম্পন্ন করার একটি স্ট্যান্ডার্ড গাইডলাইন দিয়েছে। প্রজেক্ট ম্যানেজার উক্ত গাইডলাইন অনুযায়ী প্রজেক্ট পরিচালনার মাধ্যমে সফলভাবে প্রজেক্ট সম্পন্ন করতে পারেন। তবে একটি প্রজেক্টে সব গাইডলাইন ব্যবহার করতে হবে তা নয়। প্রজেক্টটি সফলতার সাথে সম্পন্ন করার জন্য কোন কোন গাইডলাইন অনুসরণ করা হবে, তা প্রজেক্ট ম্যানেজার তার প্রয়োজন অনুযায়ী নির্ধারণ করবেন, এই পদ্ধতিকে প্রজেক্ট টেইলারিং বলা হয়।

প্রজেক্ট ম্যানেজারের আরও একটি গুরুত্বপূর্ণ কাজ হচ্ছে প্রজেক্টের সাথে জড়িত সব স্টেকহোল্ডারের সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করা।



প্রজেক্টের মাধ্যমে প্রতিষ্ঠানের অবস্থা পরিবর্তন

## প্রজেক্ট ম্যানেজারের দক্ষতা

একজন প্রজেক্ট ম্যানেজারের প্রয়োজনীয় দক্ষতাকে পিএমআই একটি ট্যালেন্ট ট্রায়াঙ্গুলার দিয়ে উপস্থাপন করেছে। দক্ষতার সাথে কাজ করার জন্য একজন প্রজেক্ট ম্যানেজারের অবশ্যই তিনটি দক্ষতা থাকতে হবে।

০১. টেকনিক্যালি প্রজেক্টকে ম্যানেজ করার দক্ষতা।
০২. লিডারশিপের দক্ষতা।
০৩. স্ট্র্যাটেজিক এবং বিজনেস ম্যানেজমেন্ট সংক্রান্ত দক্ষতা।

♦ টেকনিক্যাল প্রজেক্ট ম্যানেজমেন্ট দক্ষতা দিয়ে বিভিন্ন ধরনের প্রজেক্ট ম্যানেজমেন্ট টুল, টেকনিক এবং মেথড ব্যবহার করার মাধ্যমে প্রজেক্টকে দক্ষতার সাথে ম্যানেজ করার ক্যাপাসিটিকে বুঝায়।

♦ লিডারশিপ দক্ষতা দিয়ে প্রজেক্ট টিমকে বিভিন্নভাবে গাইড করা, কাজে উদ্বুদ্ধ করা এবং নিয়ন্ত্রণ করার ক্যাপাসিটিকে বুঝায়।

♦ স্ট্র্যাটেজিক এবং বিজনেস ম্যানেজমেন্ট সংক্রান্ত দক্ষতা দিয়ে ব্যবসায় ব্যবস্থাপনা সংক্রান্ত বিভিন্ন ধরনের জ্ঞান, স্কিল এবং অভিজ্ঞতাকে বুঝায়। ব্যবসায়ের উন্নতি এবং কল্যাণ সাধনের পর্যাপ্ত বোধশক্তি ও জ্ঞান অবশ্যই প্রজেক্ট ম্যানেজারের থাকতে হবে। প্রজেক্ট ম্যানেজারের প্রজেক্টের ব্যবসায়িক ভেল্যু বাড়ানোর মাধ্যমে প্রতিষ্ঠানকে লাভজনক অবস্থায় নিয়ে যাওয়ার যথাযথ ব্যবস্থা নেয়ার পারদর্শিতা থাকতে হবে।

পিএমআই ট্যালেন্ট ট্রায়াঙ্গুলারে বর্ণিত গুণাবলির যথাযথ সমাহার একজন প্রজেক্ট ম্যানেজারকে দক্ষ ও সফল প্রজেক্ট ম্যানেজারে পরিণত করবে কজ

*ফিডব্যাক : mrn_bd@yahoo.com*